



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখঃ ১৮ নভেম্বর ২০১৮

### পাবিত্রবির ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ



পাবিত্রবির ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার ফলাফলের আনুষ্ঠানিক ঘোষণা করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী।

(১৮-১১-২০১৮) : আজ রবিবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথমবর্ষে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার রেজাল্ট কমিটি সকাল ১১.০০ টায় অতিরিক্ত রেজিস্ট্রারের কাছে ফলাফল হস্তান্তর করেন। এ সময় মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী মহোদয়ের উপস্থিতিতে ভর্তি পরীক্ষার ফলাফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়। ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

উল্লেখ্য গত শুক্রবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। নিজস্ব ক্যাম্পাসসহ পাবনা শহরের ২৩ টি শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ বছর প্রতি আসনের জন্য গড়ে পরীক্ষার্থী ছিল ৩৬ জন। ৯২০ টি আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ছিল ৩৩,২৬০ জন। পরীক্ষায় পরীক্ষার্থী উপস্থিতির হার ছিল ৭১.৩৪ এবং পাশের হার ২৬.২৮।

গত ১৫ সেপ্টেম্বর, ২০১৮ থেকে অনলাইনে ভর্তির আবেদন শুরু হয়ে ১৫ অক্টোবর, ২০১৮ পর্যন্ত চলে। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ৫টি অনুষদের অধীনে ৯২০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। ফলাফলসহ ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট- [www.pust.ac.bd](http://www.pust.ac.bd) এবং [admission1819.pust.ac.bd](http://admission1819.pust.ac.bd) এ পাওয়া যাবে।

বার্তা প্রেরক

১৮/১১/২০১৮

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

সহকারী পরিচালক

জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

০১৭১১৯৪২২১২